দৈনিক ইত্তেফাক

তারিখ 06 SEP 1990
পৃষ্ঠা ... কলাম ...

## বুয়েটে ছাত্র ধর্মঘট অব্যাহত

(ইত্তেফাক রিপোর্ট)

বুয়েটে ছাত্র ধর্মঘট অব্যাহত রহিয়াছে। গতকাল (বুধবার) ধর্মঘটের দ্বিতীয় দিনেও ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জন করে। (১১শ পৃঃ দ্রঃ)

## বুয়েটে ছাত্র ধর্মঘট

(১ম পৃঃ পর)

এদিকে ইত্তেফাকে প্রকাশিত বুয়েটে কোটি টাকা কারচুপি সম্পর্কিত প্রতিবেদনের প্রেক্ষিতে বুয়েটের রেজিষ্ট্রার আবু তাহের বিশ্ববিদ্যালয়ের পক্ষে এক বিবৃতিতে ব্যুরো অব রিসার্চ, টেষ্টিং এণ্ড কনসালটেন্সি'তে ৬০ লক্ষ ৯৩ হাজার ১ শত ১৪ টাকা কারচুপির ঘটনা স্বীকার করিয়া বলা হয়, ইহার প্রেক্ষিতে বি,এ,ই, আর,এস অফিসের সহকারী পরিচালক ফজলে করিমকে (যিনি, বি,আর,টি, সি অফিসের হিসাবপত্র দেখা- শুনা করিতেন) সাময়িকভাবে বরখাস্ত করা হয় এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষ হইতে পুলিশের নিকট অভিযোগ দায়ের করা হয়। সামগ্রিক ঘটনা তদন্তের জন্য একটি প্রশাসনিক তদন্ত কমিটিও গঠন করা হয়। তদন্ত কমিটির অনুসন্ধানে মোট ৬০ লক্ষ ৯৩ হাজার ১ শত ১৪ টাকা কারচুপির ঘটনা উদঘাটিত হয় এবং কমিটির সুপারিশের ভিত্তিতে ফজলে করিমের বিরুদ্ধে অভিযোগ প্রস্তুত করা হয়।

বিবৃতিতে বলা হয়, অভিযুক্ত ফজলে করিম বর্তমানে জামিনে আছেন। পুলিশের তদন্ত চলিতেছে।